*Bismillahir Rahmanir Raheem*

# দি ম্যাসেজ

# The Message

VOLUME 1, ISSUE 3 MAY-JUN 2007

## কানাডায় সুদে একটি বাড়ি কেনা যাবে কি ??

আমরা একটি ফতোয়া সম্পর্কে সবাই কমবেশী পরিচিত যে, আমেরিকা বা কানাডায় সুদে একটি বাড়ি কেনা যাবে ! এবার আসুন আমরা এর বিস্তারিত জানার চেষ্টা করি। মূল ফতোয়াটি দিয়েছেন মিশরের বিশিষ্ট ইসলামীক স্কলার ডঃ ইউসুফ কারজাভী। এবং এই ফতোয়াটি ব্যাখ্যা করেছেন নোভা-স্কশিয়া ইউনিভারসিটির প্রফেসর এবং ইসলামীক স্কলার ডঃ জামাল বাদয়ী । এই ফতোয়াটি ১৯৯৯ সালে আমেরিকার ডেট্রয়েটে অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল ফতোয়া কনফারেন্সে পাশ করানো হয়। এবার আসুন এর বিস্তারিত শর্তগুলো জেনে নেই। সুদে একটি বাড়ি কেনা যাবে শুধু নিজে থাকার জন্যে এবং

*বাকি অংশ ২য় পাতায়...*

## আপনাকে একদিন চরম মাশুল দিতে হবে

সুস্থ ও শারীরিকভাবে সবল সন্তানগণ পিতামাতার সেবা যত্ন ও তাদের প্রয়োজনের দিকে নিজেদের সাধ্যমত খেয়াল রাখবেন। এ কর্তব্য পালনে ব্যর্থ সন্তানগণ নিজেদের ধ্বংস ডেকে আনেন। তবে সবচাইতে দুর্ভাগ্য সন্তান আরো এগিয়ে পিতামাতাকে কষ্ট দেন। কেউ কেউ তো বৃদ্ধাবস্থায় পিতামাতাকে ত্যাগ করেন। নিজের ঘর হতে বের করে দেন। এমন পাষন্ড ও হতভাগ্য সন্তানদের জন্য আল্লাহর লানত কেউ ঠেকাতে পারবেনা ।

*বাকি অংশ ৫ম পাতায়...*

## স্ত্রীর সাথে বর্জনীয়

জীবন চলার পথে যদি কেবল সুখই আপনার সাথী হয় তাহলে আপনার জীবন ছন্দহীন, গতিহারা সুপ্ত জীবন সেটি। আপনি আমি বা কোন সুস্থ মানুষই সেটি চায় না। অতএব, আমাদের রং বেরং এর ঘটনাবহুল এ জীবনে চড়াই উৎরাই অবশ্যম্ভাবী। চলার পথে হোচট খেয়ে ব্যথা পাওয়া, ধাক্কা খেয়ে পড়ে যাওয়া আবার উঠা ইত্যাদিই আপনার জীবনকে বৈচিত্রময় করে তোলে ।

*বাকি অংশ ৪র্থ পাতায়...*




## Duty of Children Towards Parents

All religions of the world have laid great emphasis on the rights of parents and the duties of children towards them. According to Islamic teachings, to be obedient and to show kindness to parents has been enjoined in the Holy Quran in such a manner as to say that among the noble deeds, to obey parents, treat them respectfully and to show kindness to them is next to worshipping Almighty Allah. The Holy Quran says, "Your Lord has decreed that you worship none but Him, and that you be kind to parents. Whether one or both of them attain old age in thy life, say not to them a word of contempt, nor repel them, but address them in terms of honor." - Surah Al Isra (17:23). ***See Page-6***

## Ayah From Quran

📖 Say to the believing men that they should lower their gaze and guard their modesty: that will make for greater purity for them: and Allah is well acquainted with all that they do. (Sura Nur or Light : 30)

📖 হে নবী! মু'মিন পুরুষদের বলে দিন, তারা যেন অপর স্ত্রীলোক হতে আপন দৃষ্টি ফিরিয়ে রাখে এবং স্বীয় লজ্জাস্থানের রক্ষণাবেক্ষণ করে। (সূরা নূর ঃ ৩০)

## কানাডায় সন্তানকে কিভাবে মানুষ করবেন

যদি এমন কোন মন্ত্র শিখতে চান যা দিয়ে আপনার পরিবারে স্থায়ী শান্তি বিরাজ করবে। যদি এমন কোন ঔষধের খোঁজ চান যা দিয়ে উত্তেজনা প্রশমন করে পরিবারের সদস্যরা এক অনাবিল প্রশান্তিতে আপনার ঘরটিকে ছেয়ে ফেলবে। যদি এমন কোন বানী শিখতে চান যার প্রয়োগে কেবল শান্তি আর শান্তি। আসুন সেটি শিখে নেই এবং আজ হতে তা দিয়ে শুরু করি ।

*বাকি অংশ ৫ম পাতায়...*

# কানাডায় সুদে একটি বাড়ি কেনা যাবে কি ??

১ম পাতার পর

কোন প্রকার ব্যবসায়িক উদ্দেশে নয় যে, দাম বাড়লে এটি বিক্রি করে দিয়ে আর একটি কিনবো বা ভাল মুনাফা অর্জন করব। মনের মধ্যে কোন প্রকার এই ধরণের ব্যবসায়িক চিন্তা রাখা যাবে না।

শর্ত ১ঃ নর্থ আমেরিকায় যদি কোন অল্টারনেটিভ সুদবিহীন ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন না থাকে।

শর্ত ২ঃ আপনার ফ্যামিলি সাইজ বড় হওয়ার কারণে যদি আপনাকে কেউ বাড়ি ভাড়া না দেয়।

শর্ত ৩ঃ লাইফ সিকিউরিটি - আপনি এবং আপনার পরিবারকে রেসিজমের (ধর্মিয়) কারণে মেরে ফেলতে পারে।

উপরোক্ত শর্তগুলো যদি কারো বেলায় প্রযোজ্য হয় তাহলেই সুদে একটি মাত্র বাড়ি কেনা যাবে অন্যথায় নয়। সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, আলহামদুলিল্লাহ আমেরিকা এবং কানাডায় অনেক সুদবিহীন ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশন রয়েছে। এছাড়াও সুদবিহীন RRSP/RESP/Mutual Fund, Investment-ও available.

উপরোক্ত ফতোয়া সম্পর্কে আপনি নিজেও সরাসরি এই website থেকে জেনে নিতে পারেন। http://www.islamonline.net/livefatwa/english/Browse.asp?hGuestID=D43SOE মনে রাখবেন উপরোক্ত ফতোয়াটি শুধুমাত্র একটি বাড়ি কেনার ব্যাপারে (তাও শর্ত সাপেক্ষে)। সুদে লোন নিয়ে কোন প্রকার ব্যবসা বা ইনভেস্টমেন্ট ফতোয়া allow করে না। এছাড়া যারা OSAP (Student Loan) লোন নিয়ে পড়াশোনা করছেন, আপনিও কোর্স শেষে কিন্তু সুদের সাথে জড়িয়ে যাবেন অর্থাৎ আপনাকে সুদসহ লোন পরিশোধ করতে হবে। বলা বাহুল্য যারা Credit Card ব্যবহার করেন এবং Minimum Bill দিয়ে থাকেন এখানেও আপনি সুদের সাথে জড়িয়ে যাচ্ছেন। তবে due date এর মধ্যে পুরো বিল পরিশোধ করে দেয়াই ভাল। আসুন সুদ সম্পর্কে কোরআন ও হাদীস থেকে মহান আল্লাহ্ রাব্বুল আলামিন ও রাসূল (সাঃ) এর নির্দেশগুলো জেনে নেই।

***সুদ সম্পর্কে কোরআন এর নির্দেশ ঃ*** "যারা সুদ খায় তারা (মাথা উঁচু করে) দাঁড়াতে পারবে না, (দাঁড়ালেও) তার দাঁড়ানো হবে সে ব্যক্তির মতো, যাকে শয়তান নিজস্ব পরশ দিয়ে (দুনিয়ার লোভ লালসায়) মোহাচ্ছন্ন করে রেখেছে; এটা এ কারণে, যেহেতু এরা বলে, ব্যবসা বাণিজ্য তো সুদের মতোই (একটা কারবারের নাম), অথচ আল্লাহ তায়ালা ব্যবসা হালাল করেছেন এবং সুদকে হারাম করেছেন, তাই তোমাদের যার যার কাছে তার মালিকের পক্ষ থেকে (সুদ সংক্রান্ত) এ উপদেশ পৌঁছেছে, সে অতঃপর সুদের কারবার থেকে বিরত থাকবে, আগে (এ আদেশ আসা পর্যন্ত) যে সুদ সে খেয়েছে তা তো তার জন্যে অতিবাহিত হয়েই গেছে, তার ব্যাপার একান্তই আল্লাহ তায়ালার সিদ্ধান্তের ওপর; কিন্তু (এরপর) যে ব্যক্তি (আবার সুদী কারবারে) ফিরে আসবে, তারা অবশ্যই জাহান্নামের অধিবাসী হবে, সেখানে তারা চিরদিন থাকবে। আল্লাহ তায়ালা সুদ নিশ্চিহ্ন করেন, (অপর দিকে) দান সদকা (-র পবিত্র কাজ) -কে তিনি (উত্তরোত্তর) বৃদ্ধি করেন; আল্লাহ তায়ালা (তাঁর নেয়ামতের প্রতি) অকৃতজ্ঞ পাপিষ্ঠ ব্যক্তিদের কখনো পছন্দ করেন না। হে ঈমানদার লোকেরা, তোমরা (সুদের ব্যাপারে) আল্লাহকে ভয় করো, আগের (সুদী কারবারের) যে সব বকেয়া আছে তোমরা তা ছেড়ে দাও, যদি সত্যিই তোমরা আল্লাহর ওপর ঈমান আনো। যদি তোমরা এমনটি না করো, তাহলে অতঃপর আল্লাহ তায়ালা ও তাঁর রসূলের পক্ষ থেকে (তোমাদের বিরুদ্ধে) যুদ্ধের (ঘোষণা থাকবে), আর যদি (এখনো) তোমরা (আল্লাহর দিকে) ফিরে আসো তাহলে তোমরা তোমাদের মূলধন ফিরে পাবার অধিকারী হবে, (সুদী কারবার দ্বারা) অন্যের ওপর যুলুম করো না, তোমাদের ওপরও অতঃপর (সুদের) যুলুম করা হবে না।" (সূরা বাকারা ঃ ২৭৫-২৭৯)

"মানুষের ধন-সম্পদে তোমাদের সম্পদ বৃদ্ধি পাবে, এ আশায় যা কিছু তোমরা সুদে দিয়ে থাক; আল্লাহর কাছে তা বর্ধিত হয় না। পক্ষান্তরে, আল্লাহর সন্তুষ্টি লাভের আশায় পবিত্র অন্তরে যারা দিয়ে থাকে, অতএব, তারাই দ্বিগুণ লাভ করে।" (সূরা রুম ঃ ৩৯)

***সুদ সম্পর্কে রাসূল (সাঃ) এর নির্দেশ ঃ*** ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, নিশ্চয়ই আল্লাহর নবী (সাঃ) সুদখোর, সুদ প্রদানকারী, সুদী কারবারের সাক্ষী এবং সুদ চুক্তি লিখককে অভিশাপ দিয়েছেন। (বুখারী, মুসলিম)



যে ব্যক্তি জেনে শুনে সুদের একটি টাকা খায়, তার এই অপরাধ ছত্রিশ বার ব্যভিচারের চাইতেও অনেক কঠিন। (আল হাদীস)

সুদের তিয়াত্তরটি দরজা। তন্মধ্যে সহজতর দরজার দৃষ্টান্ত হচ্ছে, যে কোন ব্যক্তি তার মাকে বিয়ে করল। আর সর্বোচ্চ সুদের কাজটি হচ্ছে মুসলিম ব্যক্তির সম্মান ও ধন মাল হরণ। (আল হাদীস)

জাহিলিয়াতের সুদী কারবার রহিত করা হল। আর সর্বপ্রথম আমি রহিত করছি আমাদের নিজেদের অর্থাৎ আব্বাস ইবনে আবদুল মুত্তালিবের সুদী কারবার, তা সম্পূর্ণ রহিত হয়ে গেল। (আল হাদীস)

আবু হুরায়রা (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ (সাঃ)কে বলতে শুনেছিঃ মিরাজের রাতে আমি এমন কতগুলো লোকের পাশ দিয়ে এসেছিলাম, যাদের পেট ছিল একটি বিশাল ঘরের মতো, আর সে পেটগুলো ছিল সাপে ভরপুর, যা বাইরে থেকে স্পষ্ট দেখা যাচ্ছিল। অতঃপর আমি জিজ্ঞেস করলাম, হে জিব্রাইল আঃ এরা কারা? তিনি বললেন, এরা হলো সুদখোর। (আহমাদ, ২ঃ ২২৭৩ ইবনে মাজাহ)

আব্দুল্লাহ ইবনে মাসউদ রাঃ রসূলুল্লাহ (সাঃ) থেকে বর্ণনা করেছেন, তিনি এরশাদ করেছেন ঃ সুদের অর্থ জমা করার পরিণাম হয় অসচ্ছলতা। অন্য একটি বর্ণনার ভাষা এরূপ ঃ সুদের অর্থ যতোই অধিক হোক না কেন, অবশেষে তার পরিণতি হয় অসচ্ছলতা। (ইবনে

- সংক্ষিপ্ত -

# একটি দূর্ঘটনা ঘটনার বিশ্লেষন এবং সমাধান

**একটি দূর্ঘটনাঃ** একজন ভাই ছদ্মনাম দেয়া যাক লোকসান। লোকসান ভাইয়ের জীবনের ঘটনা আমাদের সবার জন্য শিক্ষা। লোকসান ভাই বিদেশ এসেছেন প্রায় ৮ বছর। সেই অন্ধ আবেগের বসে তিনি সারা জীবনের কামাই তার বড় ভাইয়ের নামে ব্যাঙ্ক একাউন্টে পাঠিয়েছেন। এক অনাবিল শান্তির পরশে লোকসান ভাইয়ের মুখে তৃপ্তির হাসি সর্বদাই লেগে ছিল। সংসারে এক অবিবাহিত বোন, বড় ভাই আর তাদের সকলের মা। এ ছোট সংসারের সুখের জন্য লোকসান ভাই প্রতিমাসে যা রোজগার করতেন নিজের সামান্য খরচ ব্যতীত বাকী সকল অর্থ দেশে পাঠিয়ে আসছিলেন। ষষ্ঠ বছরে লোকসান ভাইয়ের আম্মা মারা যান। দিনকয়েক পরে বড় ভাইকে লোকসান ভাই ফোনে জিজ্ঞেস করেন তার পাঠানো টাকার খসড়া একটা হিসেব দেবার জন্য। কিসের টাকা? বড় ভাই উত্তরে বললেন। এই যে আমি গত ৬ বছরে আপনার একাউন্টে আমার সারা বিদেশ জীবনের কামাই পাঠালাম? লোকসান ভাইকে অবাক করে দিয়ে বড় ভাই বললেনঃ কৈ কোন টাকা তো নেই। সব খরচ হয়ে গেছে। লোকসান ভাইয়ের মাথায় আকাশ ভেঙ্গে পড়েছিল, পায়ের নীচ হতে মাটি সড়ে যাবার উপক্রম হয়েছিল। ভদ্র, সদালাপী, হাস্যজ্জোল লোকসান ভাই বাকরুদ্ধ হয়ে কেঁদে দিয়েছিলেন। মনে হচ্ছিল মাটি ফাঁক হয়ে যাক আর তিনি তার মধ্যে ডুবে যান। ৬ বছরে তিনি আনুমানিক ১৮ লাখ টাকা পাঠিয়েছিলেন। এখন এক টাকাও অবশিষ্ট নেই। এ চিন্তায় লোকসান ভাই পাগলের মত হয়ে গিয়েছিলেন।

**ঘটনার বিশ্লেষনঃ** এবার আসুন ঘটনার বিশ্লেষন করি। এতে কোন সন্দেহ নেই যে লোকসান ভাইয়ের বড় ভাই একটা বড় জুলুম করেছিলেন। কিন্তু এ জুলুমের সুযোগ কে সৃষ্টি করেছিল? লোকসান ভাই নিজে নয় কি? তার এবং বিদেশে বসবাসরত এরকম অনেক বিবেচনাহীন কর্মকান্ডই কি এ ধরণের দূর্ঘটনার জন্য দায়ী নয়? এই বিশাল আবেগ একসময় কাল হয়ে দাঁড়ায়। আর বিদেশে অবস্থানরত কলুর বলদেরা বিনা বিবেচনায়, কোন সুচিন্তিত পর্যালোচনা ছাড়াই আবেগী দাবীর নিকট আবেগে মাথা নত করে দিয়ে পরবর্তীতে জটিলতা, আফসোস আর বিড়ম্বনার সৃষ্টি করেন, দেয়ালে মাথা ঠুকেন।

**ঘটনার সমাধানঃ** আসুন লোকসান ভাইয়ের ঘটনায় ফেরৎ যাই। লোকসান ভাই যেটা করতে পারতেন তা হলো সুচিন্তিত সিদ্ধান্ত। আল্লাহ পাক তার কোন সৃষ্টিকে একক দখলদারিত্বে কোন কিছু ছেড়ে দেননি, কাউকে চূড়ান্ত ক্ষমতাবান বানাননি। কোন নবী বা রাসূলকেও আল্লাহ একক কোন ক্ষমতার আঁধার বানাননি। একক



ক্ষমতা কেবল আল্লাহর হাতে। এটা কেবল আল্লাহর জন্য নির্ধারিত যে তিনি কাউকে জবাব দিতে হয় না। তার নিকট সবাইকে জবাবদিহি করতে হয়। আপনার বিষয় সম্পদের উপর পৃথিবীর কোন মানুষকে একক অধিকার দিয়ে রাখাটা সর্বপ্রথম ঝুঁকি। কারণ মানুষকে দূর্বল করে সৃষ্টি করা হয়েছে। মাত্র দশ টাকার জন্য আপনি আমি ঘুরে যেতে পারি। স্বার্থে সামান্য আঘাত লাগলেই বিষাক্ত সাপের মত ফণা তুলতে বিন্দুমাত্র দ্বিধা করিনা। এই যখন অবস্থা তখন আপনার আমার ভাই ও আত্মীয় স্বজনও রক্তে মাংসে গড়া মানুষ। তাদের উপর যখন আমানত চাপানো হয় তখন এ আমানতের ভারটা যেন একটু সহনীয় পর্যায়ের হয় তা দেখভাল করা আমানত দাতার দায়িত্ব। এটাই মানুষের প্রকৃত কল্যাণ কামনা। আপনি মানুষের উপর এমন বোঝা চাপাবেন না যা সে বহন করতে কষ্ট হয়। ফলে হয় সে ভেঙ্গে পড়বে অথবা এর চাপে তার নিশ্বাস নেবারও ফুরসত থাকবেনা।

লোকসান ভাই টাকা পাঠানোর সময় সুস্পষ্ট করে কিছু বলেননি। তিনি তার বড় ভাইকে বলতে পারতেন যে আমি প্রতিমাসে যে অর্থ পাঠাই তার ৫ হাজার টাকা আম্মার জন্য, বোনের জন্য ১ হাজার, বড় ভাইয়ের জন্য ২ হাজার। বাকী সকল টাকা আমার জন্য আলাদা করে রেখে দেবেন। এ নূন্যতম Instruction-টা লোকসান ভাই তার বড় ভাইকে দিতে পারতেন। ফলে বড় ভাইও একটা দায় দায়িত্বের চাপ অনুভব করতেন। যদিও এ সর্তকতাটি যথেষ্ট নয়। প্রকৃত বুদ্ধিমানের কাজ হলো কেবল খরচের টাকাটা বড় ভাইয়ের একাউন্টে পাঠিয়ে বাকী টাকা লোকসান ভাইয়ের ব্যক্তিগত একাউন্টে জমা করা। এখানে অজ্ঞতা ও আবেগ বলিষ্ঠভাবে কাজ করেছে। সকল টাকা বড় ভাইয়ের একাউন্টে পাঠানোর ব্যাপারে লোকসান ভাইয়ের মনে কখনো কখনো নেতিবাচক প্রশ্নটি উদিত হয়েছে।

প্রবাসে যারা অর্থ উপার্জন করেন তারা তাদের আব্বা আম্মাকে জিজ্ঞেস করা উচিত তাদের হাত খরচের জন্য মোট কত টাকা প্রয়োজন? আব্বা আম্মার চাহিদার চেয়েও কিছু বেশী টাকা তাদের জন্য প্রতিমাসে প্রেরণ করা উচিত। তারপর পরিবারের অন্যান্য সদস্যদেরও একইভাবে মাপ ঝোক করে নেওয়া উচিত এবং সে অনুপাতে অর্থ পাঠানো উচিত। নিজের লোন থাকলে সবার আগে লোন শোধ করা উচিত। আপনি যদি লোকসান ভাইয়ের মত বিপদে পড়তে না চান তাহলে হয় এভাবে কাজ করুন অথবা ভাল কোন সমাধান নিজেই বের করুন। মনে করবেন না আপনার বড় ভাই লোকসান ভাইয়ের মত হবেননা। লোকসান ভাইয়ের নূন্যতম সন্দেহ ছিলনা তার ভাইয়ের ব্যাপারে। সতর্কতাটাই এখানে মূখ্য বিষয়। সতর্কতা পরিবারকে অনাকাংক্ষিত আপদ হতে রক্ষা করতে পারে।।

> *আমি কি তোমাদেরকে এমন একটি [লাভজনক] ব্যবসার কথা বলব না! যা তোমাদেরকে কঠিন পীড়াদায়ক আযাব থেকে মুক্তি দিবে।*
> (সূরা আস-সফ ঃ ১০)

১ম পাতার পর

## স্ত্রীর সাথে বর্জনীয়

আপনাদের দুজনের রাজ্যে যখনই কোন দুর্যোগ দেখা দেয় আপনাকে কান্ডারীর ভূমিকা পালনে এগিয়ে আসতে হবে। আপনাকে প্রথমে জেনে নিতে হবে আপনার স্ত্রীর বিশেষ বৈশিষ্ট্যগুলি। তিনি কি কি গুণের অধিকারিণী। তার সীমাবদ্ধতাগুলি কি কি? তার সহ্য ক্ষমতা কতটুকু? তিনি কি বেশী পছন্দ করেন। কি অপছন্দ করেন ইত্যাদি। এ বিষয়গুলি ভালভাবে জেনে নিন ও দুর্যোগের সময় একজন চিকিৎসকের ভূমিকা পালন করুন।

আপনার স্ত্রীর অধিকারের মধ্যে এটিও একটি যে আপনি তাকে কখনো আঘাত করবেন না। গালাগাল দেবেন না। তার দ্বারা যদি কিছু ভুল হয়ে যায় তাহলে ষাঁড়ের মত চিৎকারে কোন কল্যাণ নেই। তাকে তার ভুল করতে দিন। তাৎক্ষণিক প্রতিক্রিয়া ব্যক্ত করবেন না। সুযোগ খুজুন। স্থান, সময় ও মেজাজ নাগালে পেলেই সুন্দর কিন্তু গভীর মেজাজের সাথে বলে দিন যে তিনি ভুল করেছেন। তিনি যদি নিজেকে শোধরে চলেন তাহলে সবার জন্য বিষয়টি ভাল। আর যদি ভুল করে যেতে চান তাহলে এটা তার এখতিয়ার। তবে আপনি আশা করেন যে তিনি তার ভুল শোধরে চলবেন। এভাবে সমস্যার যুক্তিযুক্ত সমাধান হয়ে যাবে। কোন দূর্ঘটনার সম্ভাবনা থাকবে না। কখনো তাকে চ্যালেঞ্জ দিতে যাবেন না। তার চ্যালেঞ্জ গ্রহণও করবেন না। তাকে প্রায়ই বলুন যে তাকে আপনি খুব ভালবাসেন। এ কথার মধ্যে এমন যাদু আছে যা অন্য কোন টেকনিক অবলম্বনে আপনি সফল হবেন না।।

## আপনার এবং আপনার স্ত্রীর জন্য সিলেবাস

| | |
|---|---|
| **কোরআনের তাফসীর :** | (১) ফী যিলালিল কোরআন অথবা (২) তাফসীরে ইবনে কাসীর অথবা<br>(৩) তাফহীমুল কুরআন |
| **সংকলিত হাদীস গ্রন্থ :** | (১) বুখারী শরীফ (২) রিয়াদুস সালেহীন - সব খন্ড (৩) এন্তেখাবে হাদীস এবং<br>(৪) যাদে রাহ |
| **রাসূল সঃ এর জীবনি :** | (১) আর রাহিকুল মাখতুম বা (২) মানবতার বন্ধু মোহাম্মদ সঃ বা<br>(৩) সীরাতে ইবনে হিসাম বা (৪) মহানবীর (সঃ) মহাজীবন - আবু জাফর |
| **সাহাবীদের জীবনি :** | (১) আসহাবে রাসুলের জীবনকথা - ১ম ও ২য় খন্ড<br>(২) মহিলা সাহাবী - তা. হাসেমী |
| **ফেকাহ্ :** | (১) আসান ফেকাহ - মাওলানা ইউসুফ ইসলাহী এবং<br>(২) ফতোয়া - ডঃ ইউসুফ কারজাভী |
| **পারিবারিক জীবন :** | (১) ইসলামের পারিবারিক জীবন - আব্দুস শহীদ নাসিম<br>(২) পরিবার ও পারিবারিক জীবন - মাওলানা আব্দুর রহীম |
| **হালাল হারাম :** | (১) ইসলামে হালাল হারামের বিধান - ডঃ ইউসুফ কারজাভির |
| **ইসলামী শিক্ষা :** | (১) ইসলাম আপনার কাছে কি চায় - সাইয়েদ হামেদ আলী<br>(২) আমরা কি মুসলমান - মুহাম্মদ কুতুব<br>(৩) সুন্নাত ও বিদআত - মাওলানা আব্দুর রহীম<br>(৪) দ্বীন ইসলামের সঠিক পথ - হাফেজ জাহিদ হোছাইন<br>(৫) ভ্রান্তির বেড়াজালে ইসলাম - মুহাম্মদ কুতুব |

## আমাদের সর্বনিম্ন মান

সারা দুনিয়ায় আমরা মুসলমানরা শিক্ষার দিক থেকে সবচাইতে পিছিয়ে আছি। জ্ঞান বিজ্ঞান চর্চা দূরে থাক মৌলিক ও প্রাথমিক পর্যায়ের শিক্ষার্জনের লক্ষমাত্রাটিও আমরা স্পর্শ করতে পারছিনা। ফলে আমরা আভ্যন্তরীন ও আন্তর্জাতিকভাবে শোষিত হচ্ছি। আমরা - চালাক ও সবকিছুতে ব্যবসায়ী মনোভাবাপন্ন রাষ্ট্রগুলির দ্বারা খুব সহজে ব্যবহৃত হচ্ছি। আমাদের আত্মাকে মাত্র ১০০ ডলারে কেনা খুবই সহজ। আমাদের ব্যক্তিত্বকে অতি অল্প মূল্যে বশ করা যায়। আমাদের মনকে খুব সহজে উত্তেজিত করে স্বার্থান্বেষী লোকেরা তাদের উদ্দেশ্য হাসিল করতে পারে। সামান্য হেরফের সহ এ হলো মুসলমানদের সার্বিক অবস্থা।

বাংলাদেশী হিসেবে আমাদের চরিত্রে রয়েছে আরো হাস্যকর উপাদান। অতি দূর্বল ও অতি অসহনশীল আমরা দুনিয়ার যে প্রান্তে গিয়েছি সেখানেই নিজেদেরকে নিজেরা শত্রুতে পরিনত করেছি। আমাদের শিক্ষিত শ্রেণী হতে শুরু করে সাধারণ শ্রমিক পর্যন্ত সকল পর্যায়ে এ বিষয়ে সুনাম অর্জনে ধন্য হয়েছে। তবে এ অসৎ স্বভাব অর্জন ও তার বিকাশে অল্প শিক্ষিতদের চেয়ে বেশী শিক্ষিতরা এগিয়ে আছেন। অধিকাংশ ক্ষেত্রে এ মহান ব্যক্তিরা ঝগড়া, মারামারি, কথা কাটাকাটি, অশ্রাব্য ভাষায় নিজেদের গালাগাল দেয়া ইত্যাদি ঘটিয়েছেন কোন বিজ্ঞ কারণে নয়। নয় কোন ভাবগাম্ভীর্য ও গুরুত্বপূর্ণ স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে। এমনও নয় যে বিলিয়ন ডলারের ব্যবসায় বনিবনা হয়নি। অতি ক্ষুদ্র, তুচ্ছ বিষয়ে এসব উচ্চ শিক্ষিত মহৎ ব্যক্তিগণ ঝগড়া ফাসাদ করে নিজেদের শক্তি অপচয় করছেন।

ঝগড়ার সবচাইতে কমন সূত্র মসজিদ কমিটি গঠন বা ভাঙ্গন নিয়ে অথবা বাংলাদেশী সোসাইটির নেতৃত্বের কোন্দল বা তৎসংশ্লিষ্ট বিষয় নিয়ে। অবস্থা দেখে মনে হয় শয়তান সন্তোষ্টির সাথে এসব ব্যক্তিদের ত্যাগ করেছে এবং শয়তানের সর্বজ্ঞাত এজেন্ডা বিভেদ সৃষ্টির এক নম্বর উপাদানকে জমিনে বাস্তবায়ন করার জন্য এসব উচ্চ শিক্ষিত লোকদের দুনিয়ার সর্বক্ষেত্রে ছড়িয়ে দিয়েছে। পত্রপত্রিকার খবরাদি ছাড়াও ব্যক্তিগতভাবে পৃথিবীর বিভিন্ন স্থানে ছড়িয়ে থাকা বাংলাদেশী সংগঠনগুলির খোজ খবর নিয়ে এ দাবীর উল্লেখযোগ্য ব্যতিক্রম কিছু লক্ষ করা যায়নি।।

## সম্মানিত পাঠকবৃন্দ

আস্সালামুআলাইকুম, আপনাদের নিকট হতে কুরআন ও হাদীস ভিত্তিক মানসম্পন্ন লেখা পাঠানোর জন্য অনুরোধ জানানো হচ্ছে এবং আপনাদের সকলের সহযোগীতা একান্ত কাম্য।

প্রতিটি ইসু এই প্রবাস জীবনে আপনার-আমার একটি সুখী ও সুন্দর পারিবারিক জীবন গঠন করতে সাহায্য করবে ইন্শাআল্লাহ। প্রতিটি সংখ্যা ব্যক্তিগতভাবে সংরক্ষণ করুন, একটি মোটা বাইন্ডারে থ্রী হোল পান্চ করে অর্গানাইজ্ড ওয়েতে রাখতে পারেন।

সম্মানিত পাঠকের মতামত, ভুল সংশোধন ও দৃষ্টি আকর্ষণ email এ জানালে আগামী সংখ্যায় তা প্রতিফলিত হবে ইন্শাআল্লাহ।

# কানাডায় আপনার সন্তানকে কিভাবে মানুষ করবেন

*(ধারাবাহিক পর্ব)*


১ম পাতার পর

এ মন্ত্র হলো "আসসালামু আলাইকুম"। আল্লাহর রাসূল বলেছেন তোমরা বেশী বেশী সালামের প্রচলন কর। সাহাবীরা গাছের আড়াল হতে বেড়িয়ে আসলে আবার সালাম দিতেন। অর্থাৎ সর্বত্র শান্তি বজায় রাখার উৎকৃষ্ট উপাদান সালাম বিনিময়। সন্তানকে আজ হতে সালাম দেওয়া শুরু করুন। আপনার শিশু সন্তান থাকলে তাকে ঘুম হতে উঠার পরই সালাম দিন। ঘর হতে বাইরে বেরোবার সময় সালাম দিন। বাহির থেকে বাসায় ঢুকার সময় আওয়াজ করে সালাম দিন যাতে বাসার সবাই আপনার টের পায়। স্ত্রীসহ পরিবারের অন্য সকলকে সালাম দিন।

ব্যাপারটি শুরু হবে আপনাকে দিয়ে। এটা আশা করবেননা যে আপনার সন্তানগণ শুরু করবে আর আপনি তা দেখবেন। এটি, কিছু শেখানোর নিকৃষ্ট উপায়। সব ভালো কাজ শুরু হবে পরিবারের কর্তা ব্যক্তিকে দিয়ে। ছোটদের কাছ হতে সালাম আশা করা একটি অজ্ঞতাসূলভ আচরণ। সালাম মানে "আপনার উপর শান্তি বর্ষিত হোক"। এখন বলুন দোয়াটি আপনি আপনার সন্তানদের জন্য আগে করবেন নাকি তারা আগে করবে?

সন্তানদের অতি ছোট অবস্থা হতেই শিখিয়ে দিন বাসায় কোন মেহমান আসলে তাদের দেখা মাত্রই সালাম দেয়া। অন্যের বাসায় বেড়াতে গেলেও যেন তারা সবাইকে সালাম দেয়। সন্তানরা যদি ফোন রিসিভ করে তাহলে সালাম দিয়ে তা শুরু করতে শিখিয়ে দিন।

***পরিবারের সাথে সলাত আদায়ঃ*** যেসব এলাকায় মসজিদ নেই সেখানে সাপ্তাহিক বন্ধের দিন সকলে একসাথে ফজরের সলাত আদায় করুন। পরিবারের প্রধান হিসেবে আপনি নামাযের ইমাম হোন। ক্রমান্বয়ে এটিকে ওয়াক্তের নামাযের জন্যেও নিয়ম করে ফেলুন। পেছনে আপনার স্ত্রী, সন্তান ও পিতামাতা (থাকলে) সকলেই আপনার নেতৃত্বে সলাত আদায় করবেন। সাপ্তাহিক বন্ধের দিন সকালে নাস্তার টেবিলে সম্ভব হলে দুই ঘন্টা সময় নিয়ে বসুন। সাথে পরিবারের সকল সদস্য। স্ত্রী, সন্তান ও অন্য কেউ যদি থেকে থাকে। সকলকে নিয়ে সুন্দর আনন্দঘন পরিবেশে নাস্তা শুরু করুন। পারিবারিক বিষয় আলোচনা করুন। খোলামনে, আন্তরিকতার সাথে। স্ত্রীকে জিজ্ঞেস করুন কোন সমস্যা আছে কিনা। সন্তানদের একই প্রশ্ন জিজ্ঞেস করুন। পিতামাতা থাকলে তাদের কোন অসুবিধা থাকলে তার সমাধান করুন। এরপর আল-কোরআনের তাফসীর নিয়ে বসুন। শুরু করুন সূরা ফাতিহা দিয়ে। এর সরল অর্থ সবাইকে শুনিয়ে দিন। এবার এর তাফসীর শুরু করুন। আপনি সকলকে প্রতিটি আয়াতের অর্থ ও এর বিস্তারিত ব্যাখ্যা শুনিয়ে দিন। জিজ্ঞেস করুন কারো কোন কিছু যোগ করার আছে কিনা। সকলকেই বলার সুযোগ দিন। তারপর সূরা ফাতিহার শিক্ষা বাস্তব জীবনের আলোকে শুনিয়ে দিন। এ কাজটি প্রতি সপ্তাহে জারি রাখুন। একেকদিন একেক সূরা দিয়ে এ পারিবারিক বৈঠক চালু করুন।।



## আপনাকে একদিন চরম মাশুল দিতে হবে।।

১ম পাতার পর

*নর্থ আমেরিকা বা ইউরোপে বসবাসকারী পিতামাতারা সন্তানদের ইসলামী শিক্ষায় শিক্ষিত করতে ব্যর্থ হলে এর চরম মাশুল দিতে হবে। সন্তানরা দ্বীনি শিক্ষার অভাবে নিজেদের মস্তিষ্কে পিতামাতার ব্যাপারে এমন দৃষ্টিভঙ্গী গ্রহণ করে যার জন্য সেসব পিতামাতাকেই দোষ দিতে হয়। কারণ সকল মানুষই জীবনের সকল গুরুত্বপূর্ণ বিষয়ে কোন না কোন নিয়ম অনুসরণ করে। পিতামাতা যদি জীবনের কোন গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষা না দিয়ে থাকেন তাহলে সন্তানগণ সে বিষয়ে যেখানে যা পান তাকে শ্রেষ্ট নীতিমালা হিসেবে গ্রহণ করে নেন।*

*ভুক্তভোগী একজন পিতা আমেরিকায় বসবাস করেন। সন্তানদের শিক্ষার জন্য তিনি সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেছেন। ছেলেকে আমেরিকার বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ ডিগ্রী অর্জন করিয়েছেন। অবশেষে সুপ্রতিষ্ঠিত করেছেন। বর্তমানে বড় কর্পোরেশনে বড় চাকুরী করেন। এ নিয়ে পিতার সুখের শেষ নেই, গর্বের অন্ত নেই। কিন্তু এতকিছুর পর এ পিতার হঠাৎ একদিন হিসেব পাল্টে যায়। কারণ এ সন্তানকে কেবল বড় চাকুরীর উদ্দেশ্যে বড় ডিগ্রী অর্জনের শিক্ষা দেয়া হয়েছে। আত্মার কোন খোরাক দেয়া হয়নি। তাকে জীবনের অবশিষ্ট মৌলিক বিষয়গুলির কিছুই শিক্ষা দেয়া হয়নি। নৈতিক কোন শিক্ষা থাকতে পারে তাও জানতে দেয়া হয়নি। আল-কোরআন নামক নেয়ামতের কোন পরিচয়ই তার নিকট তুলে ধরা হয়নি। এ জুলুমের সঠিক রির্টান একদিন এ উচ্চভিলাষী পিতা পেয়ে যান যখন তার মুখ উজ্জলকারী সন্তান পিতাকে বলছিল Dad! You should save more money for Home at your old age! অর্থাৎ আব্বু আপনি আপনার বৃদ্ধ বয়সে (বুড়োদের) হোমে থাকার জন্য এখন হতে অর্থ জমা করতে থাকুন।*

*কেবল আমেরিকাতে নয়, বরং সকল উন্নত দেশের উন্নত কালচারের এটি অংশ হয়ে যায় যে বৃদ্ধকালে সন্তানগণ পিতামাতাকে নার্সিং হোমে ফেলে রাখেন। নিজেরা এ আপদ হতে নিস্কৃতি নিয়ে সুখে ও নির্ঝঞ্জাট বসবাস করেন। জীবনকে পুরোপুরি উপভোগ করেন।*

*এভাবে এক নির্মম Two way transactions এর মাধ্যমে একপক্ষ তার দুনিয়ার মানষিক শান্তি বিনষ্টের টিকিট খরিদ করে, অপর পক্ষ জাহান্নামের টিকিট খরিদ করে। তবে এর জন্য এ সন্তানের তুলনায় পিতা বেশী দায়ী। উন্নত বিশ্বের মুসলিম পিতামাতারা যদি সাবধান না হন তাহলে সন্তানদের পরকালীন ক্ষতি করার আগে নিজেরাই ইহকালে ক্ষতিগ্রস্থ হবেন।।*

# Duty of Children Towards Parents

*After 1st Page*

According to Prophet Muhammad (peace be upon him), the parents of a certain person are his Heaven or Hell. What this means is that if a person obeys his parents, attends to their needs and keeps them happy and comfortable, he will attain Paradise. On the other hand, if he is disrespectful and rude to them, offends them by ignoring their needs and feelings or causes them grief in any manner, his place shall be in Hell. In modern times, a trend has arisen whereby when parents come to be seen as a liability because of old age and physical weakness. They are then sent to 'old people's homes'.

But the stricture ordained by Islam makes it clear that shrugging off the responsibility of old parents serves as an invitation to Hell. Both the father and mother are equal when it comes to caring for them and providing them all possible physical comforts and mental peace. The time that the parents need to be looked after most, is in their old age. To serve them devotedly at that stage of their lives is the best way of pleasing Almighty Allah. It is also one of the easiest ways of attaining Paradise. Abu Hurairah, a companion of the holy Prophet, has said that "a person is indeed disgraced, who does not earn Paradise by caring for his parents during the life time and old age of his/her parents".

A person once asked the holy Prophet, "Who has the greatest claim on me with regard to service and kind treatment?" The Holy Prophet replied, "Your mother and again your mother and once again your mother. After her is the claim of your father, then that of your near relatives, and then of the relations next to them". This shows that the claim of a mother is greater than a father over the care that you endow upon them in their old age. Serving and obeying parents is a matter of give and take. Those who treat and obey their parents can rest assured that their children will also show kindness and compassion to them. Respecting and caring the parents is a virtue of the highest order that continues to transcend generation after generation.

It is the duty of sons and daughters to pray for the forgiveness of their parents after their death and treat their relatives and friends with due respect. In the Holy Quran, Muslims have been urged to pray for the salvation of their parents as shown in the following verse: "And say, My Lord, Have mercy on both of them as they cared for me when I was little".

The holy Prophet has said that to abuse one's parents is a major sin. So much so that if a person abuses someone else's parents and that person, in retaliation, abuses his parents, then it is as though he himself has abused his parents. On another occasion, when asked about the major sins, the holy Prophet replied, "To associate someone with Almighty God, to disobey parents, to kill unlawfully, and to give false evidence".

In the light of the Holy Quran and holy Prophet's sayings, one can understand that the respect for parents occupies a special place in the moral and social teachings of Islam. ***Ref: guidedones.com***

বাংলাদেশী পরিবারগুলো পৃথিবীর সকল প্রান্তেই পরস্পর সৌহার্দপূর্ণ পরিবেশে উষ্ণ সম্পর্কের ভিত্তিতে জীবন পরিচালনা করে আসছেন। এ রীতি এত বেশী সচল যে প্রায় সকল বাংলাদেশী পরিবার প্রতিমাসে হয় কাউকে দাওয়াত দিয়ে মেহমানদারী করেন অথবা কারো বাসায় মেহমান হয়ে দাওয়াত খেতে যান। পরিবারগুলোর এ সংস্কৃতি কানাডা হতে সউদি আরব, লন্ডন হতে লস-এঞ্জেলস, প্যারিস থেকে ফ্রাঙ্কফুর্ট সবখানে একই। সম্ভবত প্রথম জেনারেশনের পরিবারগুলোর এটিই সবচাইতে বড় বিনোদন। এতে করে তারা একে অপরের ঘনিষ্ট হয়। পরস্পর জানাশুনা হয়। হৃদ্যতা বাড়ে। তবে এধরণের একটি সুস্থ ও সুন্দর বিনোদন কখনো কখনো অনাকাংক্ষিত পরিবেশের সৃষ্টি করে। কোন অসর্তক মূহুর্তে মানুষের দূর্বলতার সুযোগে চিরশত্রু শয়তান তার ভাগ বসিয়ে দেয়। মানুষকে বিভ্রান্ত করে চরম ক্ষতি করে ফেলে। প্রাথমিক শক কাটিয়ে কিছু বুঝে উঠার আগেই পরিস্থিতি নিয়ন্ত্রনের বাইরে চলে যায়।

## অবাধ মেলামেশা অশান্তির সূচনা

সকল ক্ষেত্রে মধ্যম পন্থা অবলম্বন করা মানব ফিতরাতের জন্য সর্বোত্তম। সামাজিকতা, লৌকিকতা, মেহমানদারী, ধর্মীয় আনুষ্ঠানিকতা ও ধর্ম পালন, রাজনীতি, স্থানীয় সংস্থাগুলির সাথে সম্পর্ক রক্ষা ইত্যাদি জীবনের সকল বিষয়ে মধ্যমপন্থা অবলম্বনই বুদ্ধিমানের কাজ। আপনার বন্ধু আপনার বাড়ীতে দাওয়াত খেতে আসার মধ্যে কোন অকল্যাণ নেই। তার বাড়ীতে প্রতি মাসে মেহমান হওয়ার মধ্যে কোন আপত্তিকর কিছু নেই। কিন্তু আপনার স্ত্রী যদি আপনার বন্ধুর সাথে অথবা আপনি আপনার বন্ধুর স্ত্রীর সাথে এমন ভাবে মেলামেশা করেন যাতে দূর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে তাহলে আপনারা সীমালজ্ঘন করে নিজেদের কঠিন পরীক্ষার দিকে ঠেলে দিচ্ছেন। অতি প্রগ্রেসিভ মনের অধিকারীরা এসবে কিছু মনে করেন না কিন্তু ঘটনা যখন ঘটে তখন আফসোস করে এর ইতি টানা হয়না বরং এর চাইতে বড় কিছু ঘটে যায়, যার ক্ষতিপূরণ কোন কিছু দিয়ে হয় না।

কোন কোন অবুঝ স্বামীরা তাদের অনুপস্থিতিতে বন্ধুদের নিজ ঘরে আসার কেবল অনুমতিই দেয়না বরং Blank Cheque দিয়ে দেন। ফলে স্বামীর বন্ধু যখন তখন ঘরে আসার উম্মুক্ত লাইসেন্স পেয়ে যান। আফসোস এসব বিদ্যান স্বামীরা এতই অবুঝ আর অজ্ঞ যারা অফিস আদালতে কঠিন সমস্যার সমাধান করে বড় অঙ্কের বেতন হাকান কিন্তু এ সামান্য সামাজিক শিষ্টাচারটি বুঝেননা। কেউ কেউ এ অজুহাতে এ অনুমতি দিয়ে দেন যে সে তো আমার বাল্যকালের বন্ধু। অথবা সেতো আমার অনেক ছোট বা বড় বা আরো কোনো অগ্রহণযোগ্য বাহানা। আমরা বলছিনা যে ইমারজেন্সী কোন পরিস্থিতি সৃষ্টি হলেও একজন অপরজনের ঘরে যাওয়ার অনুমতি পাবেনা। বিষয়টিকে অতি সহজ ও অবাধ করার মধ্যেই বিপদ লুকায়িত থাকে। অতএব স্বামীর অনুপস্থিতিতে কোন বন্ধু আপনার ঘরে আসার পথ বন্ধ করুন। আপনি নিজেও সেটি করবেন না। আমরা বলছিনা যে এর ফলে দূর্ঘটনা ঘটবেই। কিন্তু দূর্ঘটনা যখন ঘটে তখন সর্তক হবার সময় থাকেনা। কোন কিছু ঘটার আগেই আপনাকে সতর্কতা অবলম্বন করতে হবে।।

# Kids Corner

## What is Islam?

Islam is not a new religion, but the same truth that God revealed through all His prophets to every people. For a fifth of the world's population, Islam is both a religion and a complete way of life. Muslims follow a religion of peace, mercy, and forgiveness, and the majority have nothing to do with the extremely grave events which have come to be associated with their faith.

## Who are the Muslims?

One billion people from a vast range of races, nationalities and cultures across the globe--from the southern Philippines to Nigeria--are united by their common Islamic faith. About 18% live in the Arab world; the world's largest Muslim community is in Indonesia; substantial parts of Asia and most of Africa are Muslim, while significant minorities are to be found in the Soviet Union, China, North and South America, and Europe.

## What do Muslims believe?

Muslims believe in One, Unique, Incomparable God; in the Angels created by Him; in the prophets through whom His revelations were brought to mankind; in the Day of Judgement and individual accountability for actions; in God's complete authority over human destiny and in life after death. Muslims believe in a chain of prophets starting with Adam and including Noah, Abraham, Ishmael, Isaac, Jacob, Joseph, Job, Moses, Aaron, David, Solomon, Elias, Jonah, John the Baptist, and Jesus, peace be upon them. But God's final message to man, a reconfirmation of the eternal message and a summing-up of all that has gone before was revealed to the Prophet Muhammad (SAW) through Gabriel.

## 'Five Pillars' of Islam:

1) Faith or belief in the Oneness of God (Allah) and the finality of the Prophethood of Muhammad (pbuh); 2) Establishment of the daily prayers; 3) Concern for and almsgiving to the needy; 4) Self-purification through fasting; and 5) The pilgrimage to Makkah for those who are able.

## Who is Muhammad?

Muhammad (SAW) is the messagenger of Allah who was born in Makkah in the year 570, at a time when Christianity was not yet fully established in Europe. Since his father died before his birth, and his mother shortly afterwards, he was raised by his uncle from the respected tribe of Quraysh. As he grew up, he became known for his truthfulness, generosity and sincerity, so that he was sought after for his ability to arbitrate in disputes. The historians describe him as calm and meditative. Muhammad (SAW) was of a deeply religious nature, and had long detested the decadence of his society. It became his habit to meditate from time to time in the Cave of Hira near the summit of Jabal al-Nur, the 'Mountain of Light' near Makkah.



## What is the Quran?

The Quran is a record of the exact words revealed by God through the Angel Gabriel to the Prophet Muhammad (SAW). It was memorized by Muhammad (SAW) and then dictated to his Companions, and written down by scribes, who cross-checked it during his lifetime. Not one word of its 114 chapters, Suras, has been changed over the centuries, so that the Quran is in every detail the unique and miraculous text which was revealed to Muhammad (SAW) fourteen centuries ago.

## What about Muslim women?

Islam sees a woman, whether single or married, as an individual in her own right, with the right to own and dispose of her property and earnings. A marriage dowry is given by the groom to the bride for her own personal use, and she keeps her own family name rather than taking her husband's. Both men and women are expected to dress in a way which is modest and dignified. The Messenger of God said: 'The most perfect in faith amongst believers is he who is best in manner and kindest to his wife.'

## How does Islam guarantee human rights?

Freedom of conscience is laid down by the Quran itself: 'There is no compulsion in religion'. ({2.256::qs2.256}) The life and property of all citizens in an Islamic state are considered sacred whether a person is Muslim or not. Racism is incomprehensible to Muslims, for the Quran speaks of human equality in the following terms: 'O mankind! We created you from a single soul, male and female, and made you into nations and tribes, so that you may come to know one another. Truly, the most honored of you in God's sight is the greatest of you in piety. God is All-Knowing, All-Aware'. ({49.13::qs49.13})

## Do Islam and Christianity have different origins?

No. Together with Judaism, they go back to the prophet and patriarch Abraham, and their three prophets are directly descended from his sons--Muhammad (SAW) from the eldest, Ishmael, and Moses and Jesus, peace be upon them, from Isaac. Abraham established the settlement which today is the city of Makkah, and built the Ka'ba towards which all Muslims turn when they pray.

**Ref: themodernreligion.com**

## For More Information Visit:

Following websites provide very valuable information about Islam. We might not necessarily agree with the views expressed on every site.

www.whyislam.org , www.islam.org
www.islam-guide.com , www.latinodawah.org
www.jews-for-allah.org , www.islaminfo.com
www.iad.org , www.beconvinced.com
www.thetruereligion.org , www.viewislam.com
www.irf.net , www.islam101.com
www.discoverislam.com , www.talkislam.org
www.islam-usa.com/index.html
www.soundvision.com , www.muslimbridges.org
www.MuslimHeritage.com , messageonline.org
www.alhambraproductions.com
www.islamcode.com/index.html
www.bdislam.com , www.muslimville.com

## WHY ISLAM ???

**1877-WHY-ISLAM** Operational Hours: 9 AM - 9 PM US Eastern Std time. Pick up your phone and call toll free number. Associates will be more than happy to answer your questions about Islam.

# Information

## আপনি কি চান? এই পাশ্চাত্যে আপনার সন্তান একজন ভাল একাডেমিক হওয়ার পাশাপাশি একজন ভাল মুসলিম হোক?

আপনার সন্তান আশপাশের পরিবেশ, School, College, University, TV, Radio, Internet হতে সচেতন ও অবচেতন মনে প্রতিনিয়ত কোন না কোন কিছু শিখছে। প্রতিদিন সে নিত্যনূতন কায়দা রপ্ত করছে। হলিউড আর বলিউডের কল্যাণে আপনি, আপনার স্ত্রী এবং সন্তানেরা প্রতিনিয়তই এগুলি হতে মনের খোরাক নিচ্ছেন। শিশুরা অনুকরণ প্রিয় হবার কারণে এসব বিনোদনের মৌলিক বিষয়গুলির সাথে খুব সহজে পরিচিত হয়ে যায়। এভাবেই তাদের মননশীলতার উপর ঐসব উপাদানগুলির স্থায়ী প্রভাব পড়ে। এবার চিন্তা করুন এসব অখাদ্য কুখাদ্যের বিপরীতে আপনি নিজে ও আপনার সন্তান কি ইনপুট নিচ্ছেন? চোখ বন্ধ করে খানিক চিন্তা করুন। সুতরাং আপনি কি সর্তক হবেননা? আপনি কি চাননা আপনার সন্তানের মনে ভাল উপাদানগুলি বেশী করে ঢুকুক? আপনি কি চাননা আপনার সন্তান একজন ভাল একাডেমিক হওয়ার পাশাপাশি একজন ভাল মুসলিম হোক?

তাই সন্তানের চরিত্র গঠনে একটি ভারসাম্যপূর্ণ স্ট্রাটেজীর অংশ হিসেবে হলিউড, বলিউডের কুখাদ্যের বিপরীতে যে সামান্য কিছু নৈতিকতার সরবত আপনি পান করাতে পারেন তার মধ্যে অতি গুরুত্বপূর্ণ হলো একটি Family Library প্রতিষ্ঠা।

আল-কোরআনের তাফসীর, হাদিস গ্রন্থ, রাসূলুল্লাহ (সাঃ) এর জীবনি, ইসলামী অর্থনীতি, ইসলামী সমাজ, চার খলিফার বিস্তারিত জীবনি, সাহাবীদের জীবনি, ইসলামী শিক্ষা ইত্যাদি দিয়ে নিজ ঘরে একটি পারিবারিক লাইব্রেরী তৈরী করুন। নিজে পড়ুন ও সন্তানদের পড়ার উৎসাহ দিন।

শিশুপযোগী ইসলামী ডিভিডি, ভিসিডি ইত্যাদি সংগ্রহ করুন। সন্তানদের সেগুলি উপভোগ করার জন্য উৎসাহিত করুন। হিকমতের সাথে ও তাদের স্বতন্ত্র সত্তার কথা বিবেচনা করে ধীরে ধীরে এগুতে থাকুন। ইংরেজীতে এসব বই, ডিভিডি, সিডি খুব সহজেই Cost Price-এ NON-PROFIT ISLAMIC BOOKS CENTRE-এ পাওয়া যায়।

✂ When you buy any food please check for the following Haraam Ingredients.
You can make a copy of this list and distribute it to your family members.
Reference: www.eat-halal.com

### Haram Food Ingredients

| | |
|---|---|
| Animal shortening | Investigate |
| Collagen (Pork) | Haraam |
| Diglyceride (animal) | Haraam |
| Enzyme (animal) | Haraam |
| Fatty acid (animal) | Haraam |
| Gelatin | Haraam |
| Glyceride (animal) | Haraam |
| Glycerol/glycerin (animal) | Haraam |
| Hormones (animal) | Haraam |
| Hydrolyzed animal protein | Haraam |
| Lard | Haraam |
| Lecithin (if soya then Halaal) | Haraam |
| Monoglycerides (animal) | Haraam |
| Pepsin (animal)** | Haraam |
| Phospholipid (animal) | Haraam |
| Renin Rennet** | Investigate |
| Shortening (animal)* | Haraam |
| Whey** | Investigate |

*Animal fat shortening can be from beef fallow or lard. If it is from lard, then it is Haraam. If it is from beef fallow, then the animal has to have been slaughtered Islamically, otherwise it is Haraam.

**Rennet/Pepsin: Rennet is a milk coagulant that is the concentrated extract of renin enzyme obtained from calves stomachs. Note: At the time of purchase, if you are unable to verify the fact, you can call the concerned company. The company's name and number is generally mentioned on the product, if not see the telephone directory.

## আপনি কি চান? এই প্রতিকূল পরিবেশে আপনার সন্তানের আত্মিক উন্নয়ন, নৈতিক চরিত্র গঠন এবং ঈমানী শক্তি বৃদ্ধি হোক? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন

*Fi-Sabi Lillah Services*

**NON-PROFIT ISLAMIC BOOKS & VIDEO SERVICES**

Non-Political & Non-Sectarian Community Services
Toronto, 647-280-9835

Where the sale of books and audio-videos are NOT FOR COMMERCIAL purpose. All items are sold AT COST PRICE for Dawa purpose.

Free Quran and other Dawah materials are available for Non-Muslims. এছাড়া আপনি যদি অমুসলিমদের মধ্যে দাওয়াতী কাজ করতে চান তাহলে নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন।




**REFERENCE:**

- 1000 Questions on Islam – Dr. Mohammed Ibrahim Elmasry
- Successful Expat Life - Md. Sarwar Kabir Shameem
- কুরআন ও হাদীস সঞ্চয়ন - অধ্যাপক মাওঃ আতিকুর রহমান ভূঁইয়া
- www.themodernreligion.com , www.eat-halal.com
- A Hand Book of Halaal & Haraam – Zaheer Uddin, USA


## Interest Free (HALAAL) Financing

Mortgage - www.umfinancial.com or www.isnacanada.com or www.directcapitalmortgage.ca RRSP, RESP and Mutual Fund - www.nointerest.ca or www.alaminrrsp.com

*Regarding Shariah Compliance or Sharia Council Approval, this is your responsibility to cross check with above institute before any transaction.*


**Quran & Sahih Hadith Based (Non-Political, Non-Sectarian) Community Development Magazine**
একটি কুরআন ও সহীহ্ হাদীস ভিত্তিক (দল নিরপেক্ষ এবং নন-পলিটিক্যাল) কমিউনিটি ডেভেলপমেন্ট পত্রিকা
**Editor: Amir Zaman, Digital Support & Published by: Nazma Zaman**


**Suite # 306, 210 Oak Street, Toronto, ON M5A2C9. 647-280-9835, amiraway@hotmail.com , www.message4all.net**